

রাজশাহী বিশ্ববিদ্যালয়  
সামাজিক বিজ্ঞান অনুষদ  
Unit- E (Group 1,2) ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

মেমো নং- ৩৮৪ /সা.বি.অ./১৩৫ পাট-১০

তারিখ: ৩১/১২/২০১৭

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-১৮ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদের Unit- E (Group 1, 2)-এ ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে অত্র দপ্তরের ২৭-১২-২০১৭ তারিখের ৩৭৯/সা.বি.অ./১৩৫ পাট-১০ নং বিজ্ঞপ্তির আলোকে প্রাপ্ত আবেদনকারীদের মেধাক্রমের ভিত্তিতে অনুষদভূক্ত ফোকলোর বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হলো।

নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময়সীমা ০১-০১-২০১৮ থেকে ০২-০১-২০১৮ তারিখ দুপুর ৩-০০ টা পর্যন্ত। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীগণ ০১-০১-২০১৮ তারিখ থেকে ফোকলোর বিভাগে সাক্ষাৎকার প্রদান করবে। সাক্ষাৎকারের পর প্রার্থীদেরকে বিভাগের সুপারিশসহ (প্রবেশপত্রের অপর পৃষ্ঠায় স্বাক্ষর ও সীলমোহরসহ) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি ৮.৩৭২৫/- প্রদানপূর্বক Trx ID এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Tracking ID ব্যবহার করে ভর্তি ফরম পূরণ ও ডাউনলোড করে প্রার্থীর স্বাক্ষরসহ তা ০২-০১-২০১৮ তারিখ বিকাল ৪-০০ টার মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে জমা দিতে হবে।

ভর্তিকৃত ছাত্র-ছাত্রী তাদের নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, গ্রুপ (1, 2), বিভাগের নাম ও মোবাইল নম্বরসহ নিম্নোক্ত ডকুমেন্টগুলো A4 সাইজের খামে জমা দিতে হবে:

- (ক) ছাত্র-ছাত্রী কর্তৃক স্বাক্ষরিত এক কপি ভর্তি ফরম (A4 সাইজ, অফসেট কাগজে);
- (খ) এস.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট;
- (গ) এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট;
- (ঘ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড;
- (ঙ) বিভাগ কর্তৃক যাচাইকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

প্রয়োজনে ভিজিট করুন: [www.ru.ac.bd](http://www.ru.ac.bd)



(প্রফেসর ড. মো. ফয়জার রহমান)

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।